Vol. 133 Issue 166

Chattagram Maa-O-Shishu Hospital

# Bulletin

For Internal Circulation Only

January - March 2013

প্রস্তাবিত - চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল




## চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতালে নিম্নবর্ণিত চিকিৎসাসেবা সমূহ বিদ্যমান :

### বহির্বিভাগ

১. মেডিসিন
২. শিশু স্বাস্থ্য
৩. নিউনেটলজি
৪. শিশু নিউরোলজি
৫. জেনারেল সার্জারী
৬. অর্থোপেডিক সার্জারী
৭. শিশু সার্জারী
৮. ইউরোলজি
৯. অবস এন্ড গাইনী
১০. নাক-কান-গলা
১১. চক্ষু
১২. চর্ম ও যৌন রোগ
১৩. মানসিক রোগ
১৪. দন্ত
১৫. ফিজিক্যাল মেডিসিন
১৬. পরিবার পরিকল্পনা
১৭. ডটস কর্নার (যক্ষা রোগীদের বিনামূল্যে চিকিৎসা ও ঔষধ প্রদান)
১৮. ইপিআই
১৯. বিশেজ্ঞ চিকিৎসকগণের কনসাল-টেন্সি সার্ভিস
২০. ২৪ ঘন্টা ইমার্জেন্সি সার্ভিস
২১. ইভিনিং আউটডোর সার্ভিস

### বিশেষায়িত সেবা

১. হেমোডায়ালাইসিস ইউনিট (কিডনী রোগীদের ডায়ালাইসিস সেবা)
২. এডাল্ট আইসিইউ ও সিসিইউ সার্ভিস
৩. পেডিয়েট্রিক্স আইসিইউ ও নিউনেটাল আইসিইউ সার্ভিস
৪. ল্যাপারোস্কোপিক সার্জারী
৫. ইউরোলজি সার্জারী
৬. পেডিয়েট্রিকস্ ল্যাপারোস্কোপিক
৭. প্লাষ্টিক সার্জারীসহ শিশু সার্জারী বিভাগের সকল জটিল অপারেশন
৮. শারীরিক ও মানসিক প্রতিবন্ধি শিশুদের চিকিৎসা সেবার জন্য শিশু বিকাশ কেন্দ্র
৯. এ্যাজমা সেন্টার
১০. ডায়বেটিক ও হাইপারটেনশন ক্লিনিক
১১. সাব-স্পেশালিটি ক্লিনিক ইত্যাদি
১২. পেরিটোনিয়াল ডায়ালাইসিস সার্ভিস
১৩. ক্লাব ফুট সার্ভিস

### ব্লাড ব্যাংক

১. ২৪ ঘন্টা ব্লাড ট্রান্সফিউশন সার্ভিস
২. থেলাসেমিয়া রোগীদের সার্বক্ষণিক রক্ত দেয়ার ব্যবস্থা

### আন্তঃ বিভাগ

১. মেডিসিন ২. শিশু স্বাস্থ্য
৩. নিউনেটলজি
৪. শিশু নিউরোলজি
৫. জেনারেল সার্জারী
৬. অর্থোপেডিক সার্জারী
৭. শিশু সার্জারী ৮. ইউরোলজি
৯. নেফ্রলোজি
১০. অবস্ এন্ড গাইনী
১১. নাক-কান-গলা ১২. চক্ষু

### আধুনিক ডায়গনস্টিক সার্ভিস

১. কালার ডপলার
২. ইকোকার্ডিওগ্রাফি
৩. আল্ট্রাসনোগ্রাফি
৪. **ভিডিও এন্ডোসকপি, ইআরসিপি**
৫. এক্সরে
৬. ই.সি.জি
৭. ক্লিনিক্যাল প্যাথলজি
৮. বায়োকেমিস্ট্রি
৯. মাইক্রোবায়োলজি
১০ হিষ্টোপ্যাথলজি
১১. সাইটোপ্যাথলজি

# President's Corner

## WE ARE CONCERNED

**We are concerned** on the colossal man-made tragedy on the RMG factory workers in Savar and around. These and those calamities which are happening continually off and on in the country are completely preventable. What was necessary was to be concerned and humane. It is necessary that the entire nation be united and come forward to efficiently handle the situation and take appropriate measures to prevent such occurrences.

**We are concerned,** As I sit to pen down a few lines, with fast approaching cyclone 'Mohasen' which may cause havoc in the coastal areas and around. Preparation to safeguard life and property seems satisfactory. We have alerted our people at CMOSH asking them to take all possible measures to prevent any loss or damage to its property. Enough preparations have been taken. Administrative and medical teams are on round-the-clock duty until the danger is over. We have taken precaution against on rush of water with the cyclone and valuable equipments have been removed to safe place. Ambulatory patients have been given option to temporarily leave the hospital and adequate measures have been taken to manage non ambulatory sick and very sick patients. May Allah help us so that every one is safe.

**We are Concerned** about vulnerability of our hospital and dormitory buildings. Weak points have been identified and adequate repair and strengthening work is going on. It will continue to remain on going. We have started construction of a new 850-bedded modern hospital. This will take time to finish, I am afraid.

**We are concerned** for the suffering of our patients and doctors and other employees of the hospital and medical college for repeated 'Hartal' calls in the country particularly in Chittagong. Treatment of patients is suffering. Teaching of students being hampered too. I wish all these and other problems of the country are over soon and the country can run normally towards progress.

P.S By now cyclone 'Mohasen' has spared us in Chittagong. Thank God!

Thank you

**Prof. A.S.M. Fazlul Karim**
President, Executive Committee
Chattagram Maa-O-Shishu Hosptital
Agrabad, Chittagong.

## দৃষ্টি আকর্ষন

সম্মানীত আজীবন সদস্য/সদস্যাদের ডাটাবেজ সফটওয়ার হালনাগাদ এর কাজ চলছে। যাদের নাম, ঠিকানা, টেলিফোন নং, মোবাইল নং ও ছবি আপডেট করা প্রয়োজন তাদেরকে আগামী ৩০ জুন ২০১৩ইং তারিখের মধ্যে বর্ণিত তথ্যাদি ১ কপি আইডি কার্ডের ফটোকপিসহ অফিস চলাকালীন সময়ে হাসপাতাল অফিসে জমা দেয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

## দৃষ্টি আকর্ষন

* হাসপাতালের বহির্বিভাগ প্রতিদিন সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত খোলা থাকবে।
* হাসপাতালে গ্যাস্ট্রোএন্টারোলজি বিভাগ চালু করা হয়েছে। বিশ্বখ্যাত অলিম্পাস মেশিনে ও বিশেষজ্ঞ চিকিৎসকের মাধ্যমে ভিডিও এন্ডোসকপি, ইআরসিপিসহ স্বল্পমূল্যে সকল পরীক্ষা-নিরীক্ষা করা হচ্ছে। ডা. মোহাম্মদ ইউসুফ এই বিভাগের দায়িত্বে রয়েছেন।

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে ৮৫০ শয্যাবিশিষ্ট নতুন হাসপাতাল ভবনের নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রী

গত ২৬ জানুয়ারী ২০১৩ইং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৮৫০ শয্যাবিশিষ্ট নতুন হাসপাতালের ভবনের নির্মাণকাজের শুভ উদ্বোধন করেন। মাননীয় প্রধানমন্ত্রী চট্টগ্রাম সার্কিট হাউজ উক্ত নির্মাণকাজের ভিত্তিপ্রস্তর স্থাপনের মাধ্যমে উদ্বোধন ঘোষণা করেন। উক্ত প্রকল্প বাস্তবায়নে প্রায় ১৮২ কোটি টাকা ব্যয়ে হবে। সরকারি, বেসরকারি ও জনগণের সম্পৃক্ততায় এ প্রকল্পটি বাস্তবায়ন করা হবে। নতুন হাসপাতাল ভবন নির্মিত হলে চট্টগ্রামে বেসরকারি পর্যায়ে স্বাস্থ্য সেবা প্রদানে এটি যুগান্তকারী ভূমিকা রাখবে, যা স্বাস্থ্য খাতে সরকারের এমডিজি লক্ষ্যমাত্রা অর্জনে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। নতুন এ হাসপাতাল ভবনে সকল ধরণের বিশেষায়িত চিকিৎসা সেবার ব্যবস্থা থাকবে। এতে এই অঞ্চলের মানুষকে বিশেষায়িত চিকিৎসার জন্য ঢাকা বা দেশের বাইরে যেতে হবে না।





*মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে ৮৫০ শয্যা বিশিষ্ট নতুন হাসপাতাল ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন উপলক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে বক্তব্য রাখছেন কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এএসএম ফজলুল করিম। মঞ্চে উপবিষ্ট কার্যনির্বাহী কমিটির কর্মকর্তাবৃন্দ।*

এ উপলক্ষ্যে গত ২৪/০১/২০১৩ ইং তারিখে চট্টগ্রাম প্রেস ক্লাবে আয়োজিত সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়। সাংবাদিক সম্মেলনে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডা. আঞ্জুমান-আরা ইসলাম উপরোক্ত তথ্য প্রকাশ করেন। এক লিখিত বক্তব্যে ডা. আঞ্জুমান-আরা ইসলাম বলেন, ১৯৭৯ সালে চট্টগ্রামের কিছু মহৎপ্রাণ ব্যক্তির উদ্যোগে শুধুমাত্র শিশু স্বাস্থ্য বহির্বিভাগ নিয়ে যাত্রা শুরু করলেও বর্তমানে এটি ৬০০ শয্যাবিশিষ্ট পূর্ণাঙ্গ হাসপাতালে পরিণত হয়েছে। এটি এখন সারা বাংলাদেশে একটি বিশেষায়িত হাসপাতাল হিসেবে বহুল সমাদৃত। এখানে প্রতিদিন অনেক গরীব রোগীকে বিনামূল্যে চিকিৎসা দেয়া হচ্ছে। এ হাসপাতালে গত অর্থবছরে বর্হিবিভাগে ৩১০০২১ জন এবং আন্তঃ বিভাগে ৫৮ হাজার ৫৮০ জন রোগীকে চিকিৎসা সেবা দেয়া হয়েছে। রোগীর পরিমাণ দিন দিন বৃদ্ধি পাচ্ছে। স্থান সংকটের কারণে অনেককেই চিকিৎসা প্রদান করা সম্ভব হচ্ছে না। নতুন ভবনটি নির্মিত হলে এখানে এডাল্ট আইসিইউ, এইচডিইউসহ নতুন অনেক বিশেষায়িত চিকিৎসা সেবা প্রদান করা সম্ভব বলে বক্তব্যে বলা হয়। এ যাবৎ ৫৬ জন ডাক্তার এখান থেকে ডিসিএইস ডিগ্রি অর্জন করেছেন। শীঘ্রই এমডি (শিশু স্বাস্থ্য) কোর্স চালু করা হবে।

সংবাদ সম্মেলনে স্বাগত বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এএসএম ফজলুল করিম। তিনি বলেন, আমরা 'গ্রান্ট ইন এইড' খাতে আমরা সরকার থেকে বছরে ১ কোটি টাকা করে পাচ্ছি। তবে এত বড় প্রকল্প বাস্তবায়নে এটি যথেষ্ট নয়। তাই আমরা নতুন হাসপাতাল ভবন নির্মাণ প্রকল্পে ৬০:৪০ ভিত্তিতে আর্থিক সহযোগিতার জন্য সরকারের প্রতি আবেদন জানাচ্ছি। সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে কার্যনির্বাহী কমিটির সদস্য আলী আশরাফ বলেন, এটি একটি স্বপ্নের প্রজেক্ট। সরকারের কাছ থেকে যেভাবে অনুদান পাওয়া দরকার সেভাবে পাইনি। তবে সরকারি অনুদান না পেলেও ব্যক্তিগত অনুদানের মাধ্যমে ১০ বছরের মধ্যে এ প্রকল্প বাস্তবায়ন করা যাবে বলে জানান তিনি। সরকারি অনুদান পেলে এটি আরো অনেক আগে বাস্তবায়ন করা সম্ভব হবে। সংবাদ সম্মেলনে আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির ভাইস-প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান, ডা. মাহফুজুর রহমান, এস এম মোরশেদ হোসেন, জয়েন্ট জেনারেল সেক্রেটারী নুর মোহাম্মদ, ডোনার মেম্বার মো. রেজাউল করিম আজাদ ও ইঞ্জিনিয়ার মো. জাবেদ আবছার চৌধুরী, কার্যনির্বাহী কমিটির সদস্য ডা. মো. আরিফুল আমিন, ইঞ্জিনিয়ার এম. আলী আশরাফ, প্রফেসর সৈয়দা নূরজাহান ভূঁইয়া, প্রফেসর ডা. শামসুন নাহার, ডা. কামরুন নাহার দস্তগীর, ডা. মো. শাহাদাত হোসেন, মো. আনোয়ারুল ইসলাম, শেখ মোহাম্মদ জাহাঙ্গীর, এস এম কুতুব উদ্দিন, ডা. মো. ফয়সাল ইকবাল চৌধুরী, রেখা আলম চৌধুরী, ডা. মো. পারভেজ ইকবাল শরীফ, প্রফেসর এ এস এম মোস্তাক আহমদ ও ডা. নূরুল হক প্রমুখ।

## AMD France-KDM ও SARPV এর সাথে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৫ বছর মেয়াদী সহযোগিতামূলক চুক্তি সম্পাদন

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের সাথে ফ্রান্সের বেসরকারী সংস্থা AMD (Aide Medicale et Developement), KDM (Kine du Monde) ও SARPV (Social Assistance and Rehabilitation of People Vulnerable) এর সাথে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৫ বছর মেয়াদী একটি সহযোগিতামূলক চুক্তি সম্পাদিত হয়। গত ১৭/১০/২০১৩ইং তারিখ হাসপাতালের কনফারেন্স রুমে কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এএসএম ফজলুল করিম এর সভাপতিত্বে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের পক্ষে কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডা. আঞ্জুমান-আরা ইসলাম, এএমডি ফ্রান্স এর পক্ষে ডা. কেরিভিয়ান থিয়েরি, কেডিএম এর পক্ষে মিসেস লিনা গালিগোজ এবং এসএআরপিভি এর পক্ষে জনাব শহিদুল হক নিজ নিজ পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন। এখানে উল্লেখ্য যে, এএমডি, কেডিএম ও এসএআরপিভি এর সহযোগিতায় গত ১০ বছর যাবৎ বাংলাদেশে রিকেট জনিত বিকলাঙ্গ রোগীদের চিকিৎসা সেবা কার্যক্রম চলছে। এছাড়া এখানকার ডাক্তার, নার্স ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের উক্ত চুক্তির আওতায় প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া হয়েছে। হাসপাতালের অপারেশন থিয়েটারের আধুনিকায়ন ও প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন করা হয়েছে। এএমডি এর পক্ষে ডা. কেরিভিয়ান থিয়েরি বিগত ১০ বছরে রিকেট জনিত বিকলাঙ্গ রোগীদের চিকিৎসা সেবা কার্যক্রম মাল্টিমিডিয়ার মাধ্যমে সভাতে উপস্থাপন করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এএসএম ফজলুল করিম, জেনারেল সেক্রেটারী ডা. আঞ্জুমান-আরা ইসলাম, ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, এমডি-এর পক্ষে ডা. কেরিভিয়ান থিয়েরি, কেডিএম এর পক্ষে মিসেস লিনা গালিগোজ এবং এসএআরপিভি এর পক্ষে জনাব শহিদুল হক। এছাড়া চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এএসএম মোস্তাক আহমেদ, ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডা. মো. নূরুল হক, সার্জারী বিভাগের অধ্যাপক ডা. খন্দকার বোরহান উদ্দিন, অর্থোপেডিক সার্জারী বিভাগের অধ্যাপক ডা. হোসাইন আহমেদ, শিশু সার্জারী বিভাগের অধ্যাপক ডা. জাফরুল হান্নান, ডা. মো. বদরুদ্দোজা, ডা. অলক কুমার নন্দী, ডা. মোজাম্মেল হক, ডা. সাইফুদ্দিন সিদ্দিকী সুজা, ডা. মো. তছলিম উদ্দিন ও সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ মোশাররফ হোসেনসহ হাসপাতালের কর্মকর্তা কর্মচারীগণ উপস্থিত ছিলেন।



*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের সাথে এএমডি ফ্রান্স, কেএমডি ও এসএআরপিভি-এর সমঝোতা স্মারক অনুষ্ঠানে অতিথিবৃন্দ।*

## রোটারী জিএসই টিমের চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন

আমেরিকা থেকে আগত রোটারী আরিজোনা ডিস্ট্রিক্ট ৫৫১০ এর জিএসই টিম সম্প্রতি চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন করেন। প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন। তারা হাসপাতাল ও মেডিকেল কলেজের বিভিন্ন বিভাগসমূহ পরিদর্শন শেষে কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এএসএম ফজলুল করিম এর সাথে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন। এ সময় কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান, জনাব এসএম মোরশেদ হোসেন, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, শিশু স্বাস্থ্য বিভাগের অধ্যাপক ডা. মাহমুদ আহমেদ চৌধুরী আরজু, ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডা. মো. নূরুল হক ও সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ মোশাররফ হোসাইন উপস্থিত ছিলেন। জিএসই টিমের সাথে রোটারী চট্টগ্রাম জোনের পক্ষ থেকে রোটারিয়ান ডা. মইনুল ইসলাম মাহমুদ, রোটারিয়ান রাফি আহমেদ ও রোটারিয়ান জুবায়দা মুনাওয়ার উপস্থিত ছিলেন। কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এএসএম ফজলুল করিম জিএসই টিমকে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে স্বাগত জানান এবং হাসপাতালের সার্বিক কার্যক্রমের বিষয়ে প্রতিনিধিদলকে অবহিত করেন। তিনি প্রতিনিধি দলকে অবহিত করেন যে, হাসপাতালের প্রতিষ্ঠালগ্ন থেকে রোটারী এই হাসপাতালের উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে।



*রোটারী আরিজোনা ডিস্ট্রিক্ট ৫৫১০ এর জিএসই টিম এর সাথে হাসপাতালে কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এএসএম ফজলুল করিম ও অন্যান্য অতিথিবৃন্দ।*

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের সম্প্রসারিত অবস্ এন্ড গাইনী ওয়ার্ডের উদ্বোধন

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের সম্প্রসারিত অবস্ এন্ড গাইনী ওয়ার্ড গত ০২/০২/২০১৩ইং তারিখ উদ্বোধন করা হয়। প্রখ্যাত স্ত্রী রোগ বিশেষজ্ঞ ডা. শাহেদা করিম, এমআরসিওজি (লন্ডন), এফআরসিওজি (লন্ডন) আনুষ্ঠানিকভাবে হাসপাতালের সম্প্রসারিত গাইনী ওয়ার্ডের উদ্বোধন করেন। এ সময় হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এএসএম ফজলুল করিম, জেনারেল সেক্রেটারী ডা. আঞ্জুমান-আরা ইসলাম, ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান, ডা. এম মাহফুজুর রহমান, জনাব এসএম মোরশেদ হোসেন, ট্রেজারার জনাব আবদুল মান্নান রানা, কার্যনির্বাহী কমিটির সদস্য প্রফেসর সৈয়দা নুরজাহান ভূঁইয়া, ডা. আরিফুল আমীন, ইঞ্জিনিয়ার এম আলী আশরাফ, জনাব মো. রেজাউল করিম আজাদ, মিসেস রেখা আলম চৌধুরী, ডা. কামরুন নাহার দস্তগীর, ডা. সাহাদাত হোসেন, মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এএসএম মোস্তাক আহমেদ, হাসপাতালের ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডা. মো. নূরুল হক। উল্লেখ্য যে, ডা. শাহেদা করিম হাসপাতালের জন্মলগ্ন থেকে হাসপাতালের সাথে জড়িত ছিলেন এবং হাসপাতারের গাইনী ওয়ার্ড শুরু করা থেকে এর উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখেন। নতুন এই সম্প্রসারিত গাইনী ওয়ার্ডে ২০টি শয্যার ব্যবস্থা রয়েছে। এতে অবস এন্ড গাইনী রোগীরা এখানে আরো অধিক সেবা পাবে।



*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের সম্প্রসারিত গাইনী ওয়ার্ড উদ্বোধন করছেন ডা. সাহেদা করিম।*

## বিজিএমইএ এবং চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষর

গার্মেন্টস শ্রমিকদের উন্নত ও জরুরি চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে বিজিএমইএ হাসপাতাল এবং চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল কর্তৃপক্ষের মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষর হয়েছে। গত ২১ মার্চ, বৃহস্পতিবার ২০১৩ইং তারিখে নগরীর খুলশীস্থ বিজিএমইএ'র আঞ্চলিক কার্যালয়ে পারস্পরিক সমঝোতার ভিত্তিতে এ চুক্তি স্বাক্ষরিত হয়। এতে বিজিএমইএ'র ভারপ্রাপ্ত সভাপতি নাসির উদ্দিন চৌধুরী এবং চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক নূর মোহাম্মদ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।




*বিজিএমইএ ও চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে বিজিএমইএ এবং মা ও শিশু হাসপাতালের নেতৃবৃন্দ।*

সমঝোতা স্বাক্ষর অনুষ্ঠানে নাসির উদ্দিন চৌধুরী বলেন, মানবিক কারণে উভয় প্রতিষ্ঠানের মধ্যে স্বাক্ষরিত সমঝোতাটি একটি মাইলফলক হয়ে থাকবে। বিজিএমইএ তার শ্রমিক কর্মচারীদের কল্যাণে ধারাবাহিকভাবে কাজ করছে। স্বাস্থ্য কেন্দ্র ছাড়াও পূর্ণাঙ্গ হাসপাতালের মাধ্যমে স্বাস্থ্য ও সুচিকিৎসা নিশ্চিত করতে ইতিমধ্যে পূর্ণাঙ্গ হাসপাতাল স্থাপন করা হয়েছে। হাসপাতালে পূর্ণাঙ্গ চিকিৎসা কার্যক্রম পরিচালনা করা জটিল ও সময় সাপেক্ষ ব্যাপার। তাই প্রারম্ভিক পর্যায়ে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল কর্তৃপক্ষের সহায়তা নেওয়া হচ্ছে। তিনি সহযোগিতা প্রদানে এগিয়ে আসার জন্য মা ও শিশু হাসপাতাল কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

এসময় মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী পরিষদের ভাইস প্রেসিডেন্ট এসএম মোরশেদ হোসেন বিজিএমইএ গার্মেন্টস শ্রমিকদের চিকিৎসার সুবিধার্থে মা ও শিশু হাসপাতালকে সম্পৃক্ত করায় অভিনন্দন জানান। তিনি বলেন, বিজিএমইএ'র এ মহতী উদ্যোগ সফল করতে তাদের পক্ষ থেকে সর্বপ্রকার সহযোগিতা করা হবে।

সভায় আরো বক্তব্য রাখেন বিজিএমই'র পরিচালক এ এম চৌধুরী সেলিম, প্রাক্তন পরিচালক একেএম সালেহ উদ্দিন, বিজিএমইএ'র সদস্য শওকত ওসমান, বিজিএমইএ চট্টগ্রামের হাসপাতাল বিষয়ক কমিটির কো-চেয়ারম্যান খাজা মঈনউদ্দিন ফরহাদ, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী জনাব নূর মোহাম্মদ, কার্যনির্বাহী কমিটির সদস্য ডা. আরিফুল আমিন, জনাব রেজাউল করিম আজাদ,স্থ্র এম কুতুব উদ্দিন, ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডা. মো. নুরুল হক, সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ মোশাররফ হোসেন প্রমুখ। সভায় আরো উপস্থিত ছিলেন বিজিএমইএ'র পরিচালক সৈয়দ নজরুল ইসলাম, কাজী মাহাবুব উদ্দিন জুয়েল, সাব্বির মোস্তফা, প্রাক্তন পরিচালক সাজেদুল ইসলামসহ মা ও শিশু হাসপাতালের কর্মকর্তাবৃন্দ।

প্রসঙ্গতঃ সীম্যান্স হোস্টেল সংলগ্ন বিজিএমইএ হাসপাতালটি এখনো প্রারম্ভিক পর্যায়ে থাকায় চুক্তি অনুযায়ী শুধুমাত্র বিজিএমইএ হাসপাতাল কর্তৃক সুপারিশকৃত প্রসূতি ও স্ত্রী রোগ সংক্রান্ত রোগীদের চিকিৎসা প্রদান করবে মা ও শিশু হাসপাতাল। প্রয়োজনে মা ও শিশু হাসপাতাল থেকে বিশেষজ্ঞ চিকিৎসক বিজিএমইএ হাসপাতালে উপস্থিত হয়ে রোগী দেখবেন।

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজে মহান শহীদ দিবস এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

গত ২১.০২.২০১৩ তারিখে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের উদ্যোগে কলেজ চত্বরে মহান শহীদ দিবস এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন করা হয়। সকাল ৯ ঘটিকায় জাতীয় পতাকা এবং কলেজ পতাকা উত্তোলনের মধ্যে দিয়ে দিবসের কর্মসূচী শুরু করা হয়। গৃহীত তিন দিনের কর্মসূচীর মধ্যে ছিল পতাকা উত্তোলন, অত্র ক্যাম্পাসে নির্মিত শহীদ মিনারে ভাষা শহীদদের প্রতি পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে শ্রদ্ধাঞ্জলি নিবেদন, দোয়া মাহফিল, চিত্রাঙ্কন, কবিতা আবৃতি, দেয়ালিকা প্রকাশ, নৃত্য, মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান, ভাষা আন্দোলন বিষয়ক নাট্যাংশ, আলোচনা সভা/স্মৃতিচারণ ও পুরস্কার বিতরণ উল্লেখযোগ্য। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন প্রবীণ রাজনীতিবিদ বিশিষ্ট লেখক কলামিষ্ট ও জাতীয় সংসদ সদস্য আলহাজ্ব নুরুল ইসলাম বি.এস.সি এবং বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশিষ্ট শিল্পপতি ও সমাজসেবক প্যাডরোলো এন.কে. লিমিটেড এর চেয়ারম্যান ও লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল ডিসট্রিক্ট-৩১৫বি-৪ বাংলাদেশ এর প্রাক্তন জেলা গভর্নর লায়ন নাদের খাঁন।



*মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি আলহাজ্ব নুরুল ইসলাম বিএসসি এমপি ও সম্মানিত অতিথিবৃন্দ*

চির অম্লান ভাষা সৈনিক জনাব মোহাম্মদ এজাহারুল হককে (মরোণত্তর) ভাষা আন্দোলনে অসামান্য অবদানের স্বীকৃতি স্বরূপ অনুষ্ঠানে সংবর্ধনা দেয়া হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট অধ্যাপক এ.এস.এম. ফজলুল করিম, কার্যনির্বাহী কমিটির ভাইস-প্রেসিডেন্ট ও কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ অধ্যাপক এম.এ. তাহের খান, কার্যনির্বাহী কমিটির ভাইস-প্রেসিডেন্ট ও গভর্নিং বডির মেম্বার জনাব এস.এম. মোর্শেদ হোসাইন, কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ও কলেজের গভর্নিং বডির ভাইস-চেয়ারম্যান/অনারারী ট্রেজারার ডাঃ আঞ্জুমান-আরা-ইসলাম এবং কলেজের অধ্যক্ষ অধ্যাপক (ডাঃ) এ.এস.এম. মোস্তাক আহমেদ। ভাষা আন্দোলনের প্রকৃত ইতিহাস, যথার্থ মূল্যায়ন ও অনুসরণ'সহ সঠিক বাংলা ভাষা ব্যবহার নিশ্চিত করার উপর বক্তারা গুরুত্বারোপ করেন। সভায় '৭১'র মুক্তিযুদ্ধের মহান শহীদ ও ভাষা আন্দোলনের শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। বক্তারা আরও বলেন যে, অত্র প্রতিষ্ঠান উত্তরোত্তর উন্নয়নের দিকে এগিয়ে যাচ্ছে এবং এর সেবা ব্যাপকভাবে প্রসার লাভ করেছে। প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নের জন্য ১০ লক্ষ টাকা অনুদান হিসাবে প্রদান করবেন বলে বিশেষ অতিথি লায়ন নাদের খাঁন তাৎক্ষণিক ঘোষণা প্রদান করেন। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল সার্বিক উন্নয়নে সরকারি সম্ভাব্য সকল সহযোগিতা অব্যাহত রাখবেন বলে আলহাজ্ব নুরুল ইসলাম বি.এস.সি আশ্বাস প্রদান করেন।

প্রথম বর্ষের ছাত্র সাঈদ মোস্তফা তাজওয়ার তাহির ও দ্বিতীয় বর্ষের ছাত্রী রহিমা সুলতানা স্মৃতির প্রাণবন্ত উপস্থাপনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অত্র মেডিকেল কলেজের সর্বস্তরের ছাত্র/ছাত্রী, শিক্ষক/শিক্ষিকা, মেট্রেন, হাসপাতাল ও কলেজের সর্বস্তরের কর্মকর্তা, কর্মচারী, নার্স ও নার্সিং শিক্ষার্থীবৃন্দ। মহান শহীদ দিবস এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন কমিটির সদস্য/সদস্যাদের অক্লান্ত ও নিরলস পরিশ্রমে অত্র মেডিকেল কলেজের ক্যাম্পাসে শহীদ দিবস সুন্দর, সুশৃঙ্খল এবং সফলভাবে উদযাপন করা হয়। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা এবং সার্বিক তত্বাবধান করেন অত্র মেডিকেল কলেজের বায়োকেমিষ্ট্রি বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক (ডাঃ) নাসরিন চৌধুরী, এনাটমি বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক মমতাজ বেগম এবং সহকারি অধ্যাপক ডাঃ আসমা মোস্তফা।

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ৮ম ব্যাচের ওরিয়েন্টশন প্রোগ্রাম সম্পন্ন

গত ০৯.০১.২০১৩ তারিখে লেকচার গ্যালারীতে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ২০১২-২০১৩ (৮ম ব্যাচ) শিক্ষাবর্ষের এম.বি.বি.এস কোর্সের ওরিয়েন্টেশন প্রোগ্রাম পবিত্র কোরআন থেকে তেলোয়াতের মাধ্যমে শুরু হয়।




*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ৮ম ব্যাচের ওরিয়েন্টশন প্রোগ্রামে মঞ্চে উপবিষ্ট সম্মানিত অতিথিবৃন্দ।*

অনুষ্ঠানে বক্তব্য রাখেন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট অধ্যাপক এ.এস.এম. ফজলুল করিম, সিনিয়র ভাইস-প্রেসিডেন্ট ও কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ অধ্যাপক এম.এ. তাহের খান, ভাইস-প্রেসিডেন্ট জনাব এস.এম. মোরশেদ হোসাইন, কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ও গভর্নিং বডির ভাইস- চেয়ারম্যান/অনারারী ট্রেজারার ডাঃ আঞ্জুমান-আরা-ইসলাম, কার্যনির্বাহী কমিটির সদস্য প্রফেসর (ডাঃ) সৈয়দা নূরজাহান ভূঁইয়া, গভর্নিং বডির সদস্য অধ্যাপক বেনু কুমার দে এবং শিক্ষক/শিক্ষিকাদের পক্ষে বক্তব্য রাখেন এনাটমী বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক মমতাজ বেগম। অত্র মেডিকেল কলেজ থেকে পাশকরা গ্রাজুয়েট ডাঃ জান্নাতুন নূর জ্যোতি ও ডাঃ রাজিয়া সুলতানা রিপার প্রাণবন্ত উপস্থাপনায় উক্ত অনুষ্ঠানে অভিভাবকবৃন্দের পক্ষ হতে বক্তব্য রাখেন প্রকৌশলী আশুতোষ নাথ। ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের ছাত্রদের পক্ষে বক্তব্য রাখেন সৈয়দ মোঃ আব্দুল কাইয়ুম এবং ছাত্রীদের পক্ষে বক্তব্য রাখেন তাসফিয়া মুমতাজ চৌধুরী।

বক্তারা বলেন যে, "চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল" বেসরকারী খাতে পরিচালিত একটি উজ্জ্বল দৃষ্টান্ত। সাফল্য সম্ভাবনাময়ী এবং জনহিতকর এই প্রতিষ্ঠান চিকিৎসা সেবা, চিকিৎসা শিক্ষা এবং দক্ষ নার্স তৈরীর ক্ষেত্রে এতদঞ্চলের মানুষের আশা আকাঙ্খার প্রতিক। দেশে বিদেশে অত্র মেডিকেল কলেজের নাম সমাদৃত হয়েছে। সফলতার আটটি বছর অতিক্রান্ত করছে-এই কলেজ। মেডিকেল শিক্ষায় দিক্ষিত করার মানসে অত্র মেডিকেল কলেজকে বেচে নেয়ার জন্য অভিভাবকদেরকে আন্তরিক অভিনন্দন জানানো হয়। শিক্ষক, ছাত্র এবং অভিভাকদের সমন্বয়ে মেডিকেল শিক্ষার ক্যারিয়ার উন্নত হয় বলে সভাতে অভিমত ব্যক্ত করা হয়। কার্যনির্বাহী কমিটি ও গভর্নিং বডির গতিশীল নেতৃত্বে সকলের সার্বিক সহযোগিতায় এবং স্বতঃস্ফূর্ত নিরলস ও নিঃস্বার্থ অংশ গ্রহণে এই প্রতিষ্ঠান ক্রমান্বয়ে দ্রুত সম্প্রসারণের দিকে এগিয়ে যাচ্ছে বলে বক্তরা অভিমত ব্যক্ত করেন। বক্তারা আরও বলেন যে, বিশ্বায়নের প্রক্রিয়ার সাথে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজ এর কার্যক্রম বাধা বিপত্তি ছাড়াই এগিয়ে যাবে। একটি অরাজনৈতিক এবং সুশৃঙ্খল চিকিৎসা প্রতিষ্ঠান যা স্বল্প সময়ে চিকিৎসা শিক্ষার ক্ষেত্রে প্রসার ও খ্যাতি লাভ করেছে। নিবিড় পরিচর্যায় দক্ষ, কর্মপ্রিয়, নীতিজ্ঞান সম্পন্ন আদর্শ চিকিৎসক তৈরীর ক্ষেত্রে এই প্রতিষ্ঠান নিঃসন্দেহে অনবদ্য ভূমিকা পালন করবে বলে অনুষ্ঠানে বক্তারা অভিমত ব্যক্ত করেন। রাজনৈতিক কার্যকলাপে সম্পৃক্ত, বিশৃঙ্খলা ও অরাজকতা সৃষ্টি না করার জন্য নব ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদেরকে অনুরোধ জানানো হয়।

অনুষ্ঠানে কলেজের অধ্যক্ষ অধ্যাপক (ডাঃ) এ.এস.এম. মোস্তাক আহমেদ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ইতিহাস, অবকাঠামো সুযোগ সুবিধা, ছাত্র/ছাত্রীদের পেশাগত পরীক্ষার ফলাফল এবং ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের এম.বি.বি.এস কোর্সের কারিকুলামের উপর সংক্ষিপ্তভাবে মাল্টিমিডিয়া প্রেজেন্টেশণ এর মাধ্যমে বক্তব্য তুলে ধরেন। উক্ত অনুষ্ঠানে অত্র মেডিকেল কলেজের বিভাগওয়ারী প্রি-ক্লিনিক্যাল, প্যারা-ক্লিনিক্যাল এবং ক্লিনিক্যাল বিভাগ সমূহের সর্বস্তরের শিক্ষক/শিক্ষিকাদের অনুষ্ঠানে পরিচয় করিয়ে দেয়া হয়। উক্ত প্রোগ্রামে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির সদস্য ডাঃ মোঃ শাহাদাৎ হোসেন, জনাব এস.এম. কুতুব উদ্দিন, গভর্নিং বডির মেম্বার অধ্যাপক মাহমুদ আহমেদ চৌধুরী, অধ্যাপক অসীম কুমার বড়ুয়া ও অধ্যাপক ডাঃ মোঃ জাহিদ হোসেন শরীফ, হাসপাতালের ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক প্রমুখ। এছাড়াও ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের (৮ম ব্যাচ) এম.বি.বি.এস কোর্সে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীসহ অভিভাবক, মেডিকেল কলেজের সর্বস্তরের শিক্ষক/শিক্ষিকাবৃন্দ, হাসপাতাল ও মেডিকেল কলেজের সর্বস্তরের কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

# Chattagram Maa-O-Shishu Hospital

## CHATTAGRAM MAA-SHISHU O GENERAL HOSPITAL

Agrabad, Chittagong.

Hospital Activities for the Month **January to March 2013**

| Out Patient Dept. : | Jan '13 | Feb '13 | Mar '13 |
|---|---|---|---|
| Paediatric Medicine | 4128 | 5043 | 4215 |
| Adult Patient (Medicine) | 946 | 1075 | 1134 |
| Obs. & Gynae | 1639 | 1375 | 1547 |
| **Consultancy Service :** | | | |
| Surgical (Paediatric) | 438 | 439 | 463 |
| Surgical (General) | 285 | 420 | 422 |
| Mini O.T. | 339 | 364 | 381 |
| ENT | 651 | 719 | 706 |
| Orthopaedics | 691 | 581 | 644 |
| Skin Diseases | 499 | 487 | 591 |
| Eye | 507 | 523 | 520 |
| Dental Cases | 433 | 396 | 439 |
| Psychology | 37 | 50 | 51 |
| Neurology | 271 | 222 | 229 |
| Asthma Clinic | 523 | 322 | 345 |
| Family Planning | 201 | 210 | 175 |
| Psychiatry | 124 | 121 | 133 |
| Dots Corner | 78 | 75 | 69 |
| Spech Therapy | 54 | 43 | 41 |
| Physiotherapy | 442 | 502 | 555 |
| L.M.C | 67 | 50 | 40 |
| E.P.I | 1518 | 1335 | 1529 |
| **Total** | **7158** | **6859** | **7333** |
| **Referred Casses** | **236** | **303** | **272** |
| **In-Patient Dept. :** | | | |
| Paediatric (Admission) | 3131 | 2699 | 2881 |
| Maternity (Admission) | 468 | 370 | 415 |
| Neonatal (Admission) | 191 | 163 | 195 |
| Medicine (Admission) | 261 | 265 | 349 |
| CCU (Admission) | 43 | 34 | 30 |
| Paediatric Surgery (Admission) | 133 | 93 | 123 |
| Paediatric Surgery (Operation) | 115 | 76 | 92 |
| Operation Obs. & Gynae | 250 | 205 | 223 |
| General Surgery (Admission) | 132 | 122 | 126 |
| Orthopadic Surgery (Admission) | 65 | 38 | 60 |
| E.N.T. (Admission) | 16 | 23 | 20 |
| Eye (Admission) | 02 | 05 | - |
| Cabin (Admission) | 290 | 272 | 278 |
| **Total** | **5097** | **4365** | **4792** |
| **Departmental Performance** | | | |
| ORT | 50 | 40 | 52 |
| Pathology | 4343 | 4243 | 4342 |
| Radiology | 1586 | 1626 | 1794 |
| Ultrasanography | 579 | 603 | 715 |
| E.C.G | 250 | 450 | 310 |
| Kidney Dialysis | 222 | 200 | 220 |
| Echocardiogram | 61 | 51 | 61 |
| Emergency | 3926 | 2906 | 4225 |
| Total Deth | 63 | 45 | 36 |
| Hospital Income | 15828016 | 15328489 | 16440089 |
| Other Income | 8569928 | 3689129 | 8327185 |
| **Total Tk.** | **24397944** | **19017618** | **24767274** |

## *DONORS OF -January,February & March.-2013*

| **Materials** | **January** | **February** | **March** |
|---|---|---|---|
| A B Bank Ltd. (Wheel chair) | 11000 | 0 | 0 |
| Chittagong Kharnophully Jaycees Club. (Oxygen Hood ) | 0 | 25000 | 0 |
| S. A. oil refinery limited | 1980 | 1980 | 1980 |
| **Total :** | **12980** | **26980** | **1980** |
| **Medicin Received:** | | | |
| Market Access Providers Ltd. | 43550 | 0 | 0 |
| Popular Pharmacy | 0 | 2760 | 0 |
| S A T Rescarch Group. | 0 | 8930 | 0 |
| Dr. Fahim Hasan (Reza) | 0 | 1255 | 0 |
| Dr. Kamal Hossain (Jowel) | 0 | 1465 | 0 |
| Prof. Dr. Badruddoza | 0 | 0 | 2675 |
| Fasska | 0 | 0 | 5100 |
| Dr. Abir Das (Odayon) | 0 | 0 | 1100 |
| **Total :** | **43550** | **14410** | **8875** |
| **Cash:** | | | |
| C M P Donation | 30000 | 30000 | 30000 |
| GOB.Grant (Ministry of Health) | 2500000 | 0 | 2500000 |
| Md. Rakibur Rahman. | 100000 | 0 | 0 |
| Mrs. Farida Akter. | 100000 | 0 | 0 |
| Incepta pharmaceuticals Ltd | 0 | 100000 | 0 |
| Mr Hossain Zillur Rahman | 0 | 100000 | 0 |
| Mrs. C R Ullaha (Through: Prof.A S M Fazlul Karim) | 0 | 0 | 65000 |
| Sioddiqe & Company. (Through:Delwara Siddiqe) | 0 | 0 | 1500000 |
| **Tatal:** | **2730000** | **230000** | **4095000** |
| **Donation of The Month:** | **2786530** | **271390** | **4105855** |
| **Benevolent Fund Received:** | | | |
| Received From M.R Card. | 33500 | 50600 | 16000 |
| Mahati Nasirullah Al Amin. | 0 | 0 | 500 |
| Mr Iftekharul Amin. | 0 | 1000 | 0 |
| Mrs. Nadera Banu Begum. | 10000 | 10000 | 10000 |
| Prof. Dr. Jafrul Hannan. (Liton). | 3060 | 1710 | 2610 |
| Dr Nurul Hoq . (Director incharge) | 0 | 0 | 2911 |
| Matron & All Nursing Staff (CMOSH). | 1200 | 0 | 600 |
| Director & All other Staff. (CMSOGH) | 2000 | 0 | 0 |
| **Tatal:** | **49760** | **63310** | **32621** |
| **Zakat Received:** | **50000** | **38600** | **39400** |

**BOOK POST / PRINTED MATTERS**

To,

Postage

If undelivered please return to:

**Chattagram Maa-O-Shishu Hospital**

Jambooree Field, Agrabad, Chittagong, Bangladesh.

Phone : 880-31-718521 / 718525/711236/2520063, Fax : 880-31-2525409

E-mail : cmoshctg@yahoo.com **Web Site : www.maa-shishu-ctg.org**

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের উদ্যোগে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন

গত ২৬.০৩.২০১৩ তারিখে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের উদ্যোগে কলেজ ক্যাম্পাসে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন করা হয়। সকাল ৯ ঘটিকায় জাতীয় পতাকা এবং কলেজ পতাকা উত্তোলনের মধ্যে দিয়ে দিবসের কর্মসূচী শুরু করা হয়। গৃহীত কর্মসূচীর মধ্যে রয়েছে পতাকা উত্তোলন, অত্র ক্যাম্পাসে অস্থায়ীভাবে নির্মিত শহীদ মিনারে বীর শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন, দোয়া মাহফিল, দেশাত্মকবোধক গান, কবিতা আবৃতি, মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান, স্বাধীনতা যুদ্ধ বিষয়ক নাট্যাংশ, আলোচনা সভা/স্মৃতিচারণ ও পুরস্কার বিতরণ উল্লেখযোগ্য।



*মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি সিডিএ চেয়ারম্যান জনাব আবদুচ সালাম, কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এএসএম ফজলুল করিম, সংবর্ধিত মুক্তিযোদ্ধা ও সম্মানিত অতিথিবৃন্দ।*

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান আলহাজ্ব মোঃ আবদুচ ছালাম। মহান মুক্তিযুদ্ধে অসামান্য অবদানের জন্য প্রতিষ্ঠানের পক্ষ থেকে চির অম্লান বীর মুক্তিযোদ্ধা যথাক্রমে সর্বজনাব শহীদ মুরিদুল আলম (মহান মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক ও ষাট দশকের মেধাবী ছাত্র নেতা), শহীদ স্বপন কুমার চৌধুরী, কাজী মোঃ মহসিন (মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ের গ্রুপ কমান্ডার, হাটহাজারী, চট্টগ্রাম), এস.এম. মাহবুবুল আলম (মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ের গ্রুপ কমান্ডার, কোতয়ালী, চট্টগ্রাম) এবং এস.এম. ইলিয়াস চৌধুরীকে ক্রেস্ট দিয়ে প্রাণঢালা অভিনন্দন ও সংবর্ধনা দেয়া হয়। কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট অধ্যাপক এ.এস.এম. ফজলুল করিম এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির ভাইস-প্রেসিডেন্ট ও কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ অধ্যাপক এম. এ. তাহের খান, কার্যনির্বাহী কমিটির ভাইস-প্রেসিডেন্ট ও গভর্নিং বডির মেম্বার জনাব এস. এম. মোর্শেদ হোসাইন এবং স্বাগত বক্তব্য রাখেন কলেজের অধ্যক্ষ অধ্যাপক (ডাঃ) এ.এস.এম. মোস্তাক আহমেদ। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির মেম্বার জনাব মোঃ রেজাউল করিম আজাদ, জনাব এস.এম. কুতুব উদ্দিন, হাসপাতালের পরিচালক (প্রশাসন)-ইনচার্জ ডাঃ মোঃ নূরুল হক এবং এনাটমি বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক মমতাজ বেগম। মুক্তিযুদ্ধের বিষয়ে স্মৃতিচারণ করেন বীর মুক্তিযোদ্ধা জনাব কাজী মোঃ মহসিন। আরও বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা শহীদ মুরিদুল আলম এর ছেলে জনাব মাহবুবুর রহমান শিবলী। অনুভূতি ব্যক্ত করেন বীর মুক্তিযোদ্ধা শহীদ স্বপন কুমার চৌধুরীর ভ্রাতুষপুত্র মিঃ রানা চৌধুরী। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা এবং সার্বিক তত্ত্বাবধান করেন অত্র মেডিকেল কলেজের বায়োকেমিষ্ট্রি বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক (ডাঃ) নাসরীন চৌধুরী এবং তাঁকে সার্বিক সহযোগিতা করেন এনাটমি বিভাগের সহকারী অধ্যাপক ডাঃ আসমা মোস্তফা।

প্রধান অতিথি বলেন যে, স্বাধীনতার পর অনেক অর্জন হয়েছে। সরকারের পাশাপাশি বেসরকারিভাবেও অনেক অর্জন বাংলাদেশ লাভ করেছে। দেশ এগিয়ে যাচ্ছে বলে বক্তারা অভিমত ব্যক্ত করেন। প্রধান অতিথি বলেন যে, যারা সংঘাত চাই, তারা কখনো দেশের মঙ্গল চাই না। মুক্তিযোদ্ধাদের স্বপ্ন বাস্তবায়ন ব্যহত হচ্ছে। প্রকৃত ইতিহাসের যথার্থ মূল্যায়ন এবং অনুসরণ'সহ ইতিহাস যাতে বিকৃত না হয়, সেদিকে সোচ্চার থাকার জন্য তিনি সকলকে অনুরোধ করেন। দেশ প্রেম না থাকলে দেশের উন্নয়ন সম্ভব নয় বলে তিনি মন্তব্য করেন। স্বাধীনতা যুদ্ধে দেশে সাধারণ মানুষের বিপুল ত্যাগ ও বীরত্ব রয়েছে। বহু কাঙ্খিত স্বাধীনতা অর্জনের লক্ষ্যে রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধে আত্মদানকারী বীর শহীদদের আত্মার প্রতি তিনি শান্তি কামনা করেন। দল মতের উর্দ্ধে উঠে যুদ্ধ জয়ের গৌরব চেতনায় দেশের উন্নয়নে আমাদের এগিয়ে আসতে হবে। স্বাধীনতা উত্তর মুক্তিযোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসনের লক্ষ্যে বর্তমান সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। যার যার অবস্থান থেকে বাংলাদেশের উন্নয়ন সম্ভব বলে বক্তারা অভিমত ব্যক্ত করেন। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে আসতে পেরে তিনি আনন্দিত এবং পাঁচজন বীর মুক্তিযোদ্ধাদের প্রাণঢালা অভিনন্দন ও সংবর্ধনা দেওয়ায় তিনি হাসপাতাল কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জানান। দ্বিতীয় বর্ষের (২০১১-২০১২) ছাত্রী রাহীমা সুলতানা (স্মৃতি) ও প্রিয়াংকা ভৌমিক (প্রীতি) এর প্রাণবন্ত উপস্থাপনার দায়িত্বে ছিলেন। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অত্র মেডিকেল কলেজের সর্বস্তরের শিক্ষক/শিক্ষিকা, ছাত্র/ছাত্রী, হাসপাতাল ও কলেজের সর্বস্তরের কর্মকর্তা, কর্মচারী, নার্স ও নার্সিং শিক্ষার্থীবৃন্দ। স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন কমিটি-২০১৩ এর অক্লান্ত ও নিরলস পরিশ্রমে অত্র মেডিকেল কলেজের ক্যাম্পাসে স্বাধীনতা ও জাতীয় দিবস সুন্দর, সুশৃঙ্খল এবং সফলভাবে উদ্‌যাপন করা হয়।

**EDITORIAL BOARD :**

Chief Editor : **Dr. Anjuman Ara Islam** • Executive Editor : **Nur Mohammad,**

Editor : **Md. Rezaul Karim Azad** • Published by : **Engineer Md. Jabed Absar Chowdhury**

Printed by : **Pack Art & Roby Printers. Phone : 626333**